খোঁজ
www.khonj.live
ভিজিট করুন, আর পেয়ে যান
সব কিছু ... নিমেষে।

জরুরী

আমার শহর

অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

চিকিৎসক (OPD) সংক্রান্ত খোঁজ-খবর
বিনামূল্যে
mediguide.in
অসুস্থতায় দিশেহারার দিন শেষ।

০৮ / ৫৮২ aamaarshahor.com

মালদা ১৮ শ্রাবণ, ১৪৩২ সোমবার, ৪ আগস্ট, ২০২৫ ২৩ বর্ষ ৯ম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য ৪ পাতা

বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

হেল্‌থ গাইড

হার্ট অ্যাটাক

অল্পবয়সেই সব শেষ!

কেন বাড়ছে অল্পবয়সিদের মধ্যে হার্ট অ্যাটাক? শুধু কী জীবনযাপন দায়ী, নাকি কারণ লুকিয়ে অন্য কোথাও? আলোচনায় কার্ডিওলজিস্ট ডা. ধীমান কাহালি।

মাত্র ৩৫ বছর বয়স, হঠাৎ বুক ধড়ফড় শুরু, ঘামতে ঘামতে মাটিতে লুটিয়ে পড়েন। হাসপাতালে নিয়ে আসতেই বোঝা গেল, হার্ট অ্যাটাক! এমন ঘটনাগুলো এখন আর বিরল নয়। আমাদের আশেপাশেই অহরত এমন কাহিনী শোনা যাচ্ছে। বয়স ৩০ বা ৩৫ পার হতে না হতেই হৃদরোগ বিশেষ করে হার্ট অ্যাটাক থাবা বসাচ্ছে। তবে প্রথম বিশ্বের দেশগুলোতে এত অল্প বয়সে হার্ট অ্যাটাকের ঘটনা খুবই কম ঘটে। এদেশের চিত্রটা একেবারে উল্টো। এদেশে বেশি বয়সীদের সঙ্গে এখন কম বয়সিদের মধ্যেও বেড়েছে হার্ট অ্যাটাক। প্রশ্ন জাগে - কেন?

কারণ অনেক

দেখা গিয়েছে এদেশে অল্পবয়সীদর মধ্যে হার্ট অ্যাটাকের পিছনে কোনও না কোন রিস্ক ফ্যাক্টর দায়ী। হতে পারে, ধূমপান, উচ্চরক্তচাপ, অনিয়ন্ত্রিত ব্লাড সুগার, কোলেস্টেরল বা ট্রাইগ্লিসারাইডের মাত্রা বেশি থাকলে তা পরোক্ষভাবে হার্ট অ্যাটাক ডেকে আনে। এছাড়াও অন্যতম কারণ হল ওজন বেশি হওয়া, সারাদিন কায়িকশ্রম না করা, ঠায় বসে থাকা, খুব বেশি মানসিক চাপ বা চিন্তায় থাকা।

তবে বেশিরভাগ অল্পবয়সি রোগীর দেশি ধূমপানটা কমন ফ্যাক্টর। স্মোকিং ছেলে-মেয়ে নির্বিশেষে যে হাড়ে বাড়ছে তাতে করে সমস্যা আরও বাড়ছে।

পারিবারিক ইতিহাসে যদি কমবয়সে হার্ট অ্যাটাক হওয়ার ঘটনা ঘটে থাকে তবে খুব অল্প বয়স থেকেই সচেতন হওয়ার প্রয়োজন আছে।

করবেন না

❖ মদ্যপান কিন্তু ভিলেন। অনেকে মনে করেন, ওয়াইন হার্টের জন্য ভাল। তা কিন্তু একেবারেই নয়। তাই ড্রিংক্স না করাই ভালো। তামাকজাতীয় দ্রব্য, পানমশলা দূরে রাখুন। ❖ উচ্চরক্তচাপ, ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখা জরুরি। না হলে আচমকা হার্ট অ্যাটাকের সম্ভাবনা খুব বেশি। নুন কম খাওয়া ও ওজন কম রাখা খুবই জরুরি। ❖ ঘি, মাখন অথবা অতিরিক্ত তেল খাওয়া চলবে না। ❖ মানসিক শান্তি হার্ট ভাল রাখার জন্য অতি জরুরি একটি বিষয়। মনের মধ্যে কুচিন্তা, হিংসা, রাগ, অবসাদ কিন্তু হার্টে চাপে ফেলে। হার্ট অ্যাটাকের প্রবণতা বাড়ায়। ❖ সামাজিক হতে হবে। ক্লাবে, পাড়ার কিংবা পরিবার-বন্ধুবান্ধবের গ্রুপে আড্ডা দিতে হবে। মন ভাল রাখা খুব দরকার। ❖ চিনি বা মিষ্টি খাবার কিন্তু হার্টের জন্য খুবই বিপজ্জনক। ❖ রাত জেগে মোবাইল বা ল্যাপটপে কাজ কমাতে হবে। সঠিক সময়ে পর্যাপ্ত ঘুম খুব দরকার।

লক্ষণগুলো কী হতে পারে?

হার্ট অ্যাটাক তখনই হয়, যখন হার্টে পেশি আর কাজ করে না তাই হার্ট অ্যাটাক হলে সঙ্গে সঙ্গে রোগীকে হাসপাতালে নিয়ে যাওয়া দরকার। কারণ যত দ্রুত চিকিৎসা শুরু হবে প্রাণ সংশয়ের হার তত কম। যে লক্ষণে সাবধান হতে হবে —

❖ বুকের মাঝখানে চাপ বা জ্বালা ভাব, যা বাড়তে থাকে। ❖ বাঁ হাতে ব্যথা ছড়িয়ে যাওয়া। ❖ হঠাৎ মাথা ঘোরা, ঘাম হওয়া ❖ শ্বাসকষ্ট ❖ অস্বাভাবিক দুর্বলতা ❖ কয়েকদিন আগে থেকে ক্লান্তি, দ্রুত ইসিজি করে দেখে চিকিৎসা শুরু করতে হবে। হার্ট অ্যাটাকের ১-২ ঘন্টার মধ্যে চিকিৎসা শুরু করলে অ্যাঞ্জিওপ্লাস্টি করে সুস্থ হয়ে ওঠা সম্ভব। কিন্তু দু-তিনদিন পড়ে এলে ধীরে ধীরে হার্টের পেশি দুর্বল হয়ে হার্ট ফেলিওরের সম্ভাবনা বাড়ে ও মৃত্যুর আশঙ্কা থাকে। তাই লক্ষণ থাকলে প্রথমেই সর্বিটেড জাতীয় ওষুধ দিয়ে দ্রুত হাসপাতালে রোগীকে নিয়ে যেতে হবে।

দেখছি যেমন আরশিতে

যত্নে রাখি

টুকরো কাগজে ভর্তি টেবিল চেয়ার বিছানা–
ফেলতে পারি না– কোনটা কখন দরকার পড়ে,
আলমারি-ভরা বই খাতা নথি স্বজন-ঠিকানা,
গৃহে বকুনির উচ্চতা বাড়ে সংগ্রহ-গড়ে।
হারাব যেদিন তারিখ লেখার থাকবে কি কেউ,
দ্রুত মুছে যাবে চোখ ছলছল ব্যস্ত যাপন;
কাজে ও কথায় মেলাতে পেরেছি কাঙ্ক্ষিত ঢেউ–
কিনারে দাঁড়িয়ে পিছনে তাকাই কোথায় আপন!

খবরে যাদের মুখ

আর্তসেবা যদি আত্মসেবা হয় চাতুর্যের গ্রাসে–
অসহায়ের কাছে দাঁড়িয়ে নিজস্বী তোলার দৌড়,
দলিত ভূকম্পন সুনামি মহামারি অনায়াসে–
তর্জনের ইতিকথা ঘোরে আজও দিল্লি থেকে গৌড়।
শাসকের হাতে বাঘনখ চিরকাল আলগোছে
রক্ত দিয়ে ভাত মেখে দেয়, লাশের সংখ্যাসুখ!
কপালের সিঁদুর কিংবা সৃজনের তট মোছে,
নিষ্ঠুরতার গণ্ডি পেরোলে খবরে তাদের মুখ।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

ওয়ান লাইফ ওয়ান পেসমেকার

পেসমেকার বসানো, অথচ আপনি একজন সুস্থ মানুষের মতো স্বাভাবিক জীবন কাটাচ্ছেন। বুকে কাটাছেঁড়ার দাগ নেই, যন্ত্র দেখা যায় না, যান্ত্রিক সমস্যা এড়াতে নিয়ম মানার বাধ্যবাধকতাও নেই। এই অত্যাধুনিক পেসমেকারের নানা সুবিধা তুলে ধরলেন কার্ডিওলজিস্ট ডা. পি. কে. হাজরা।

আমরা সবাই জানি, হৃদস্পন্দনের সমস্যায় পেসমেকার বসানো একটি অন্যতম চিকিৎসার অঙ্গ। তবে বর্তমানে নানা চিকিৎসার পাশাপাশি এই পেসমেকার যন্ত্র বসানোর ক্ষেত্রেও ঘটছে উন্নতি। তেমনই একটি নাম হল 'লিডলেস পেসমেকার'।

কী এই উন্নত পেসমেকার?

লিডলেস বা তারবিহীন পেসমেকার হল, এক উন্নত প্রযুক্তিসম্পন্ন পেসমেকার। এটা যাঁদের সাধারণ পেসমেকার লাগানোর দরকার পড়ে, তাঁদেরও এই উন্নতমানের পেসমেকার বসিয়ে চিকিৎসা করা যায়। এছাড়া জটিল সমস্যায় এটি অবশ্যই সহায়ক। এর সব চেয়ে ভালো দিকটি হল, এক জীবনে একটা পেসমেকারেই কাজ হয়ে যাবে। অর্থাৎ সাধারণ পেসমেকারের একটা নির্দিষ্ট সময়সীমা থাকে, তারপর পাল্টানোর প্রয়োজন পড়ে। তবে লিডলেস পেসমেকার একবার বসালে আর তা পরিবর্তন করতে লাগে না। যেটা একবার শরীরে প্রতিস্থাপন করলে ১৮-২০ বছর পর্যন্ত বা তার থেকেও বেশি চলে। এক্ষেত্রে আরও একটি ভালো ব্যাপার, বুকে সার্জারি করে লিডলেস পেসমেকার বসানোর প্রয়োজন পড়ে না। কুঁচকির মাধ্যমে সরু পাইপের দ্বারা হার্টে এই যন্ত্রটি বসিয়ে দেওয়া যায়। কাটাছেঁড়ার ভয় নেই, কষ্টও কম।

বয়স্ক ও শিশু সকলেরই প্রয়োজনে এই যন্ত্র বসানো হচ্ছে। তবে শিশুদের ক্ষেত্রে আরও আধুনিক জিনিস রয়েছে। কয়েকদিনের জন্য পেসমেকার বসানোর প্রয়োজন হলে, তা লাগানোর পর সেটি ধীরে ধীরে গলেও যায়। এমন আধুনিকী-করণ ঘটেছে লিডলেস পেসমেকারের ক্ষেত্রে।

জটিল রোগীর আশার আলো

বয়স্কদের, যাঁদের হার্ট ব্লকেজ থাকে, অজ্ঞান হয়ে যান, পালস স্লো হতে থাকে, তাঁদের এই পেসমেকার বেশি ভালো কাজ করে।

এছাড়াও যুগান্তাকরী ডায়ালিসিস রোগীর শরীরে বসানো, প্লেটলেট কম যাঁদের, তাঁদের ক্ষেত্রে, ব্লিডিং বেশি বেশি হওয়ার প্রবণতা যাঁদের, অতিরিক্ত মেদবহুল যাঁরা, যাঁদের বুকের উপরের শিরা শুকিয়ে গিয়েছে, যাঁদের ক্ষেত্রে সাধারণ পেসমেকার লাগালে ত্বকে ইনফেকশন ছড়িয়ে যায় ও প্রাণঘাতী হয় - এঁদের সার্জারি করে পেসমেকার লাগানো দুস্কর। এঁদের ক্ষেত্রে লিডলেস পেসমেকার অনবদ্য একটি চিকিৎসার মাধ্যম। পূর্ব ভারতে প্রথম কলকাতাতে ওয়ারলেস বা লিডলেস পেসমেকার রেগীর শরীরে প্রতিস্থাপন করা হয়।

বর্তমানে অসংখ্য চিকিৎসক ট্রেনিং দেওয়া হচ্ছে এই নতুন পেসমেকার প্রতিস্থাপন পদ্ধতির। কারণ যত দিন যাচ্ছে আশা দেখাচ্ছে অত্যাধুনিক পেসমেকার সিঙ্গল ও ডুয়েল চেমআর - দু'রকমেরই পাওয়া যায়। রোগীর অসুস্থতা অনুযায়ী কার্ডিওলজিস্ট ঠিক করেন কোনটি কার্যকর। অপারেশন পরবর্তী জটিলতা নেই, কোনও নিয়ম মানার বাধ্যবাধকতাও নেই। এর চেয়ে ভালো আর কী হতে পারে।

ছবিটি দেখে আঁতকে উঠবেন না

আপনার বসার ঘরের সুদৃশ্য কার্পেটে, সোফায়, শোয়ার ঘরের বালিশে, চাদরে, কম্বলে, ম্যাট্রেসে, ফ্যানের ব্লেডে এরা হাজারে হাজারে ছেয়ে থাকে। আপনি খালি চোখে এদের দেখতে পান না বলে চিনতে পারছেন না। এরা হচ্ছে ডাস্ট মাইট। এরা কোনো পোকা নয়, বরং মাকড়সার সঙ্গে বেশ কিছু মিল আছে এদের। আটটি ঠ্যাং, সর্বাঙ্গে লোম ... সব মিলিয়ে (এরপর ৩-এর পাতায়)

জরুরী সূচনা

ইলেকশন কমিশন অফ ইন্ডিয়া আগামী আগষ্ট-সেপ্টেম্বর মাস থেকে দেহ জুড়ে শুরু করতে চলেছে বিশেষ নিবিড় সংশোধন বা স্পেশাল ইনটেনসিভ রিভিশন। এই প্রক্রিয়ায় বুথ লেভেল অফিসার আপনার বাড়িতে বাড়িতে গিয়ে একটা ফরম ফিল আপ করাবে, সঙ্গে লাগবে ডকুমেন্ট (উল্লিখিত ১১ টা ডকুমেন্ট-এর মধ্যে যে কোনো একটি)।

সেগুলি হল ঃ-

(১) পৌর সংস্থা, পঞ্চায়েত বা অন্য কোনও সরকারি কর্তৃপক্ষ প্রদত্ত জন্ম শংসাপত্র।

(২) বিদেশ মন্ত্রণালয় কর্তৃক জারি করা পাসপোর্ট।

(৩) স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে ম্যাট্রিকুলেশন বা উচ্চশিক্ষার সার্টিফিকেট।

(৪) সরকার কর্তৃক জারি করা পরিচয় পত্র বা পেনশন অর্ডার (কেন্দ্রীয়ঃ রাজ্যঃ পিএসইউ)।

(৫) জেলা ম্যাজিস্ট্রেট বা অনুরূপ কর্তৃপক্ষের স্থায়ী বসবাসের (বাসস্থান) সার্টিফিকেট।

(৬) বন অধিকার আইনের অধীনে বন-অধিকার সনদপত্র।

(৭) উপযুক্ত (এরপর ৩-এর পাতায়)

Hyper Link সহ
Digital
V
Card
এখন মাত্র 300 টাকায়।
(আজীবন বারবার ব্যবহারযোগ্য)
(কার্ডে আপনার পছন্দমতো
3 টি Field Active থাকবে।)
9233 44 45 46

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

আগস্ট — ২০২৫

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
03.08.2025	05:06 ↑ (115°)	18:21 ↑ (245°)
04.08.2025	05:06 ↑ (115°)	18:20 ↑ (245°)
05.08.2025	05:06 ↑ (115°)	18:19 ↑ (245°)
06.08.2025	05:07 ↑ (115°)	18:19 ↑ (245°)
07.08.2025	05:07 ↑ (115°)	18:18 ↑ (245°)
08.08.2025	05:08 ↑ (115°)	18:17 ↑ (245°)
09.08.2025	05:08 ↑ (115°)	18:16 ↑ (245°)
10.08.2025	05:09 ↑ (115°)	18:16 ↑ (245°)
11.08.2025	05:09 ↑ (115°)	18:15 ↑ (245°)
12.08.2025	05:10 ↑ (115°)	18:14 ↑ (245°)
13.08.2025	05:10 ↑ (115°)	18:13 ↑ (245°)
14.08.2025	05:10 ↑ (115°)	18:12 ↑ (245°)
15.08.2025	05:11 ↑ (115°)	18:12 ↑ (245°)
16.08.2025	05:11 ↑ (115°)	18:11 ↑ (245°)
17.08.2025	05:12 ↑ (115°)	18:10 ↑ (245°)
18.08.2025	05:12 ↑ (115°)	18:09 ↑ (245°)
19.08.2025	05:13 ↑ (115°)	18:08 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

Guide - [582]_Jaruree Guide 01-08-2025 22:34 Page 2

বার্থ সার্টিফিকেট | ড্রাইভিং লাইসেন্স | পাসপোর্ট
এডুকেশনাল সার্টিফিকেট | পলিসি সার্টিফিকেট | রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

● মাহিষ্য 33/5′2′′ Ph.D, ফর্সা পাত্রীর জন্য কেঃ সঃ অফিঃ / Prof. / Engr. / Banker পাত্র কাম্য। M - 89185 13686. OL-3763

● কায়স্থ 29/5′1′′ M.A., B.Ed., Retd. গভঃ ব্যাঙ্ক ম্যানেজারের একমাত্র কন্যার জন্য সঃ চাকুরীজীবি সুপাত্র কাম্য। M - 74775 06101. OTS-1711

● চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed, Pol. Sc. (H), প্রাইমারী শিক্ষিকা, শ্যামবর্ণা পাত্রীর সরকারী চাকুরে / শিক্ষক / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 9434730035 (7 P.M. - 10 P.M.). HUF-1540

● সাহা 27/5′3′′ শ্যামবর্ণা, O+, 10 Pass, রাষ্ট্রীয় ব্যাঙ্কে গ্রুপ-ডি পদে কর্মরতা পাত্রীর জন্য ইংরেজবাজার বা হবিবপুর ব্লকের মধ্যে সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র চাই। M - 9932293896. HUF-1637

তন্তুবায় 25/5′ M.A. পাশ, সুশ্রী, ফর্সা, গোলগাল চেহারা, গৃহকর্মে নিপুণা, দাবীহীন চাকুরে বা প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র চাই। সঃ / উচ্চ অসবর্ণ চলিবে। M - 62966 32438. OL-3761

কর্মকার 26+/5′6′′ Retd. H.S. শিক্ষকের কন্যা M.Sc. (Math.), B.Ed., ফর্সা, সুশ্রী, স্লিম। দাদা M.B.B.S. ডাক্তার, পাত্রীর জন্য ডাক্তার / অধ্যাপক / উচ্চ পদস্থ সঃ চাঃ, সম্ভ্রান্ত পরিবারের উপযুক্ত সুপাত্র কাম্য। M - 84365 17607 KST-1868

ব্রাহ্মণ, বদ্যি পাত্র চাই
ব্রাহ্মণ, বদ্যি 34 (DOB. - 28.06.91) / 5′1′′ Ph.D, সরকারী বিশ্ববিদ্যালয়ে সহকারী প্রফেসর (চুক্তিবদ্ধ), সুন্দরী (পিতা - রিটায়ার্ড ব্যাঙ্ক অফিসার) পাত্রীর সুযোগ্য, সুশিক্ষিত, ডাঃ / ইঞ্জিঃ / সঃ উচ্চ পদস্থ অফিসার, শিক্ষিত পরিবারের ব্রাহ্মণ পাত্র কাম্য। M - 96477 29849. OL-3758

পাত্র চাই

● Gen. দাস 34/5′3′′ M.A., B.Ed, ফর্সা, সুশ্রী, ডিভোর্সী পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র চাই। M - 8927944491. OL-3772

● মাহিষ্য 26+/5′ B.A. (H), M.A., D.El.Ed পাশ ও টেট্ পাশ পাত্রীর জন্য সঃ চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 8371036019. HUF-1639

● কায়স্থ 32/5′1′′ ফর্সা, সুশ্রী, ডিপ্লোমা ইঞ্জিঃ 'নির্মাণ সহায়ক' (Gr. - A) পদে কর্মরতা। অনূর্ধ্ব 38, মালদায় কর্মরত সঃ চাঃ উপযুক্ত পাত্র কাম্য। M - 9851308306. HUF-1641

● তিলি 25+/5′2" স্নাতক, একমাত্র কন্যা সুশ্রী, ফর্সা পাত্রীর উপযুক্ত চাকুরে / ব্যবসায়ী পাত্র কাম্য। অসবর্ণ চলিবে। M - 6297542712 / 9475935015. HUF-1516

● বৈশ্য সাহা 31/5′3′′ B.Tech., সরকারী কর্মচারী (Central Govt.)। সরকারী / বেসরকারী, B.Tech. উপযুক্ত পাত্র চাই। M - 8944937447. HUF-1586

কায়স্থ 26/5′1′′ GNM Pass, ভালুকা হসপিটালে সিনিয়ার নার্স, সুশ্রী পাত্রীর জন্য সরকারী চাকুরে সুপাত্র কাম্য। M - 83482 58621. HUF-1642

পাত্রী চাই

● রায় 39+/5′5′′ হাইস্কুল শিক্ষক পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 95631 14382 (সময় ঃ 6 P.M. - 10 P.M.). OL-3750

● ঘোষ 31+/5′9′′ MSW, PG Diploma in Psychological, D.El.Ed, বর্তমানে মেডিক্যাল রিপ্রেজেনটেটিভ পাত্রের জন্য ঘরোয়া, সুন্দরী, 5′2′′ মধ্যে সুপাত্রী কাম্য। M - 7001104075. HUF-1609

কায়স্থ 36/5′3′′ M.A., B.Ed, ডিভোর্সী, হাইস্কুল শিক্ষক পাত্রের শ্যামবর্ণা, ঘরোয়া, সুন্দরী, ডিভোর্সী (ইস্যুবিহীন) পাত্রী কাম্য। M - 98006 22272. HUF-1615

ঘোষ 28/5′11′′ উচ্চ মাধ্যমিক পাশ, প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্রের ঘরোয়া, ফর্সা, সুন্দরী কমপক্ষে স্নাতক সুপাত্রী কাম্য। M - 97350 68006. OL-3735

পাত্রী চাই

● 39 বছর বয়সী হিন্দু, জেনারেল, লম্বা, সরকারি চাকুরীরত (গ্রেড - বি) পাত্রের জন্য সুপাত্রী চাই। M - 9563362908. OL-3766

● সরকারি বিদ্যুৎ দপ্তরে গ্রুপ - C পদে স্থায়ী কর্মী, পাল 31/5′6′′ পাত্রের ফর্সা, সুন্দরী শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9614906228. OL-3762

● পাল 29/5′3′′ B.Tech, বেঃ সঃ চাঃ (ব্যাঙ্গালোর) পাত্রের ফর্সা, সুন্দরী, 24 - 26 মধ্যে চাকুরীরতা পাত্রী কাম্য। M - 86178 66162. HUF-1604

● কায়স্থ দাস 30/5′9′′ B.Tech, Deloitte (কোলকাতা) কর্মরত, মালদা নিবাসী পাত্রের জন্য উপযুক্ত শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9933703418. HUF-1623

● মাহিষ্য জেনারেল কাস্ট 30/5′11′′ কলিতে ব্যাঙ্কের হেড অফিসে উচ্চ পদে কর্মরত (অফিসার, স্কেল - II), সুদর্শন পাত্রের জন্য উচ্চ শিক্ষিতা, 27/5′4′′ মধ্যে, পৈতৃক বসতবাড়ি মালদা, কলিতে কর্মরতা অবদলীযোগ্য স্থায়ী চাকুরে পাত্রী কাম্য। M - 8250153721 (রাত 9 - 10 টা)। ঘটক / বিবাহ প্রতিষ্ঠান ব্যতীত যোগাযোগ করুন। OL-3767

● পৌণ্ড্রক্ষত্রিয় (SC) 38+/5′7′′ Com. (H), MCA, WBCS Coaching করা, Eng., Med. স্কুলে কর্মরত পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, 30 - 34 মধ্যে যোগ্য পাত্রী কাম্য। M - 7602221785. HUF-1624

● বৈশ্য সাহা 40+/5′7′′ D.El.Ed, M.A., B.Ed, শ্যামবর্ণ, সঃ চাকুরী (শিক্ষক) পাত্রের জন্য ফর্সা, সুশ্রী, সভ্য, মার্জিত, কালচারাল, 28 - 33 মধ্যে যোগ্য পাত্রী কাম্য। প্রতিষ্ঠিত পাত্রী অগ্রগণ্য। M - 9775951014. HUF-1632

● পৌণ্ড্রক্ষত্রিয় SC, নরগণ 28+/5′8′′ মালদা শহর নিবাসী, SBI অফিসার। 25+ এর মধ্যে পাত্রী চাই। কেবলমাত্র গার্জেন যোগাযোগ করিবেন। ম্যাট্রিমনি / ঘটক বাদে। M / WA - 8637037362 (6 P.M. - 7:30 P.M.). HUF-1625

বৈশ্য দাস, মালদা 33+/5′6′′ M.A., B.Ed, নবোদয় বিদ্যালয়ে (কেন্দ্রীয় সরকার) শিক্ষক পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা, কেঃ সঃ / রাঃ সঃ চাকুরীরতা, 27 - 30 মধ্যে সুপাত্রী কাম্য। M - 97334 74387. HUF-1644

ক্রয়

● মালদা শহরে উপযুক্ত পরিবেশে বাড়ি করার উপযোগী দেড় থেকে দুই কাঠা বাস্তু জমি কিনতে ইচ্ছুক। প্রকৃত বিক্রেতারা যোগাযোগ করুন। দালাল নিষ্প্রয়োজন। মোবাইল নম্বর - 8240625493. OL-3697

বিক্রয়

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক 50 টি অক্ষর মাত্র 100 টাকার বিনিময়ে। সাথে khonj.live ওয়েবসাইটে বিনামূল্যে 30 দিনের জন্য পোস্ট করুন। WApp - 9233 44 45 46.

টিউশন / কোচিং

● পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে পলিটেক্নিক, সপ্তম - দ্বাদশ (সমস্ত বোর্ড) অঙ্ক করাচ্ছেন পাল স্যার। 9932239094. KST-1846

Biology Batch / Home Tuition (8 - 12) All Boards. M - 70638 48173. OL-3711

ব্যবসা / বাণিজ্য

কাফে কফি লাইফ (AC) হোটেল ও রেস্টুরেন্ট এখানে নিরামিষ, চাইনিজ, পাঞ্জাবী, রুটি ও তন্দুর খাবারের সুবন্দোবস্ত আছে। সমস্ত রকম অনুষ্ঠানের অর্ডার ও হোম ডেলিভারীর ব্যবস্থা আছে। অতুল মার্কেট, রেডক্রশ বিল্ডিং-এর নীচে। M - 74071 96021. HUF-1635

বিক্রয়

● কোঠাবাড়ী জনকল্যাণ সমিতির কাছে 1.75 কাঠা জায়গা সমেত একতলা বাড়ি বিক্রয়। M - 7407196021. HUF-1607

● এয়ারভিউ কমপ্লেক্সে (ITI মোড়ের নিকটবর্তী) সুন্দর পরিবেশে 2 কাঠা প্লট বিক্রয়। এজেন্ট নিষ্প্রয়োজন। M - 89069 09070. HUF-1605

● আর. কে. মিশন রোডে ডাফোডিলস্ স্কুলের নিকট দেড় কাঠা জমির উপর তেতলা বাড়ি বিক্রয়। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন, Agent নয়। M - 8918480694. HUF-1603

● আমজামতলায় 12 কাঠা বসতযোগ্য আমবাগান বিক্রয়। কমপক্ষে 2 কাঠা কেটে দেওয়া যাবে। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। M - 6296693075. HUF-1602

1 No. গভঃ কলোনীতে 150 sq.ft.-এর একটি দোকান ঘর / গ্যারেজ সত্বর বিক্রয়। M - 77976 05869. OL-3752

সাহাপুর ছাতিয়ান মোড়ে হাই স্কুলের পিছনে 1 কাঠা জমি অতি সত্বর বিক্রয়। দালাল নিষ্প্রয়োজন। M - 97332 01398. HUF-1574

1 No. গভঃ কলোনীতে 5th Floor-এ 824 sq.ft.-এর 2 BHK ফ্ল্যাট সত্বর বিক্রয়। M - 89677 52300. OL-3753

ফ্ল্যাট বুকিং চলছে
অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় "HINDOL" Apartment-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে B+G+6 Multi Storied Residential Building-এ 2 BHK 750 - 850 স্কোয়ারফিট, 3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট, 4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - WBRERA/P/MAL/2025/002401.
Website : www.rera.wb.gov.in
Mobile No. - 97341 02876 / 96478 01310

কর্মখালি

সেলস্ / মার্কেটিং-এর জন্য কর্মঠ ছেলে প্রয়োজন। **M - 94340 50052 / 93393 83124.** HUF-1636

সহায়িকা মাসি চাই
বিদ্যালয়ে শিশুদের দেখাশোনা সহ অন্যান্য কাজের জন্য কর্মঠ, দায়িত্বশীল সহায়িকা মাসি চাই। আধার কার্ড, মো. নম্বর ও ছবি সহ দেখা করার সময় - বেলা ১২ টা - ১ টা, ফোন - **94753 91727,** শ্রীশ চন্দ্র মেমোরিয়াল কিন্ডারগার্টেন, মকদুমপুর, মালদা। OL-3765

A Guest / Part Time
শিক্ষক / শিক্ষিকা চাই
Teacher : Qualification - M.A. / M.Sc.
Shishu Vihar English Academy
Jhaljhalia, Near Malda Town Station.
Contact No. : 9733161855 / 8653755633.

VACANCY
Dishari Health Point Pvt. Ltd.
ISO 9001: 2015 Certified & NABL Accredited Pathology Laboratory
Class 1 Multi-speciality Hospital with Diagnostic Centre
www.disharihealthpoint.com
1) RECEPTIONIST – Fresher / experienced candidates preferred
2) FLOOR STAFF
"Salary negotiable"
Interested candidate requested to send your CV along with recent passport size photograph .
to Manager HR
Dishari Health Point Pvt. Ltd.
19, B.G. Road, Mokdumpur, Malda - 732103

ভাড়া / লীজ

কে. জে. সান্যাল রোডে (নেতাজী ক্লাবের কাছে) 1 BHK ফার্নিশড্ ফ্ল্যাট ভাড়া দিতে চাই। যোগাযোগ ঃ 89677 52300. HUF-1622

1 No. Govt. কলোনীর শ্রী কৃষ্ণা অ্যাপার্টমেন্টের 1st Floor, 2 BHK Flat ভাড়া দেওয়া হবে। M - 80166 80043. HUF-1633

Women's College Road, Malda Girl's School -এর পাশে Ground Floor & 1st Floor, 2 Bedroom with Dining, Kitchen & Bath each Floor ভাড়া দিব। Bank / Govt. Service. M - 94235 77424. OL-3744

কর্মখালি

Sreeleathers
মালদা শো-রুমে
সেলস্ম্যান
নেওয়া হবে। বয়স 30 মধ্যে।
Bio-Data হোয়াটস্অ্যাপ / ইমেল করুন অথবা সরাসরি শো-রুমে জমা করুন।
যোগাযোগের সময় - 10 A.M. - 2 P.M.
এন.এস. রোড, পুলিশ ক্লাব বিল্ডিং, মালদা - ৭৩২১০১
WhatsApp / Call
94764 44731 / 89263 10737
maldafootwarespvt.ltd@gmail.com

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।
– সম্পাদক / প্রকাশক।

পরবর্তী
চাকরির খবর
বিতরিত হবে 19 আগস্ট, 2025, মঙ্গলবার। বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ 13 আগস্ট, 2025, বুধবার, সন্ধ্যা 7 টার মধ্যে।

বাড়িতে বসে বিজ্ঞাপন দিন WhatsApp 97754 54577-নম্বরে।

চিকিৎসা

পার্শ্ব প্রতিক্রিয়াহীন । স্বল্প ব্যয়ে চিকিৎসা
ডাঃ স্বরূপ সরকার
B.H.M.S., M.D. (W.B.U.H.S.), CONSULTANT HOMEOPATHIC PHYSICIAN
Ex-House Physician at M.B.H. Medical College & Hospital (Govt. of W.B.)
Ex-Lecturer at B.V.H.M.C. Sainthia, Birbhum.
চেম্বার ঃ- উত্তর সিঙ্গাতলা, তিতাস ক্লাবের কাছে, মালদা। M : 90836 16188
Mon to Sat :- 11:00 A.M. to 2:00 P.M. & 6:30 P.M. to 8:30 P.M., Sunday Closed.
বৃক্কে পাথর | হাঁপানি | মাইগ্রেন | আর্থ্রাইটিস
ফ্যাটি লিভার | ইউরিক অ্যাসিড | বিভিন্ন চর্মরোগ
জরায়ু / ডিম্বাশয়ে টিউমার | মহিলাদের জটিল রোগ
নানাবিধ পুরানো রোগ

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

কত অজানারে

▲ ঝিরঝিরি থেকে বড় ফোঁটার বৃষ্টি পতনের বেগ সেকেন্ডে ২ মিটার থেকে ৯ মিটার।

▲ কোয়েলকাছ এমন এক ধরণের মাছ যাদের জীবাশ্ম থেকে ধারণা করা হয় এগুলি ৩৫ কোটি বছর আগের। এই মাছ ৮-৯ কোটি বছর আগে লুপ্ত হয়ে গেছে। আশ্চর্যের কথা এই জাতীয় মাছ আজ আফ্রিকার পূর্ব উপকূলে পাওয়া যায়। এরা গড়ে প্রায় ৫ ফুট লম্বা, ওজন ৩ কেজির সামান্য বেশি।

▲ মানুষের মতো গাছেরাও নিজেদের মধ্যে একে অন্যকে ভালোবাসতে বা ঘেন্না করতে জানে। উদ্ভিদ বিজ্ঞানীরা দেখেছেন রসুন গাছের পাশে গোলাপ গাছ পুতলে, সেই গাছের ফুল মাপে অকল্পনীয় ভাবে বড় হয় এবং অনেক বেশি সুগন্ধ হয়।

▲ মোটামুটিভাবে একটি বৃষ্টির ফোঁটার মাপ বা ব্যাস ০.৫০ থেকে ৬.৪০ মিলিমিটারের মধ্যে।

▲ কোলকাতায় প্রথম যে সাইকেল এসেছিল, তা ছিল তিন চাকার। সেই সাইকেল চড়ে দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ব্রাউন পেপারের জামা পরে চৌরঙ্গীতে হাওয়া খেতে যেতেন।

▲ কোলকাতায় প্রথম সাইকেলের দোকান খুলেছিলেন কুন্তলীন খ্যাত এইচ বোস, অর্থাৎ হেমেন্দ্রমোহন বসু। তাঁর দোকানটি ছিল কলেজ স্ট্রিটের কাছ হ্যারিসন রোড, মানে এখনকার মহাত্মা গান্ধী রোডে।

▲ ২২ বছর ৯১ দিন প্রথম শ্রেণীর ক্রিকেট খেলেছেন শচীন তেন্ডুলকর। বিশ্বের সবচেয়ে বেশি দিন ধরে খেলার রেকর্ড তাঁর দখলেই।

▲ গ্রিক শব্দ "স্টেথোস" মানে বক্ষ। আর "স্কোপিও" মানে আমি পরীক্ষা করি। দুটি শব্দ মিলে তৈরি হয়েছে স্টেথোস্কোপ। আবিষ্কার করেছিলেন লেনুয়েক নামে এক চিকিৎসক। সূত্রটা পেয়েছিলেন ফাঁপা বাঁশের টুকরো থেকে। প্রথম স্টেথোস্কোপটি ছিল দেড় ইঞ্চি ব্যাসের ও দহ ইঞ্চি লম্বা একটি কাঠের ফাঁপা টুকরো।

▲ রাবার গাছের আঠা দিয়ে যে পেন্সিলের দাগ মোছা যায়, এটা আবিষ্কার করেছিলেন জোসেফ প্রিস্টলে নামে এক রসায়নবিদ ১৭৭০ সালে।

▲ স্বাধীনতা সংগ্রামে যাঁরা যোগদান করনে, গ্রেপ্তারের পর শুধু তাঁদের জন্য ইংরেজ সরকার ভারতের মূল ভূখন্ড থেকে প্রায় ১৩০০ কিমি দূরে আন্দামানে একটি দুর্ভেদ্য জেলখানা প্রস্তুত করে। জেলখানাটি তৈরি করতে সময় লেগেছিল ১৮৯৬ থেকে ১৯০৬, মোট ১০ বছর।

▲ কাগজের ন্যাপকিন আবিষ্কার করা হয়েছিল প্রথম বিশ্বযুদ্ধের সময়। গ্যাস-মাস্কের ফিল্টার হিসেবে ব্যবহার করার জন্য।

▲ প্রথমে নয়, আগামী ছবির ছোট বিজ্ঞাপন চিত্রগুলি সিনেমার শেষে দেখানো হত বলেই নাম হয়েছিল "ট্রেলার"।

▲ গবেষণায় দেখা গেছে, প্রতি ১২ ঘন্টা কাজ করার পর একটি শ্রমিক পিঁপড়ে ৮ মিনিট বিশ্রাম নেয়।

▲ বজ্রপাতের শব্দ ১৮ মাইল বা ২৯ কিলোমিটার দূর পর্যন্ত শোনা যায়।

▲ ঝিরিঝিরি থেকে বড় ফোঁটার বৃষ্টি পতনের বেগ সেকেন্ডে ২ মিটার থেকে ৯ মিটার।

▲ জুলিয়াস সিজারের সময় (খ্রিষ্টপূর্ব ১০০১-৪৪) পৃথিবীর লোকসংখ্যা ছিল ১৫ কোটি। এখন প্রতি দেড় বছরে লোকসংখ্যা বৃদ্ধি পায় গড়ে প্রায় ১৫ কোটি।

▲ মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ জার্সিতে একটি চামচ মিউজিয়ামে পৃথিবীর প্রায় সব দেশ থেকে সংগৃহীত ৫,৪০০ টিরও বেশি নানা ধরণের চামচ সংরক্ষিত রয়েছে।

জয় মা কলিকাতার প্রখ্যাত জ্যোতির্বিদ ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
শিক্ষাগত যোগ্যতা –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
(যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান)* –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস –
আমিষাশী / নিরামিষাশী –
পিতা-মাতার কততম সন্তান (প্রথম / দ্বিতীয় / তৃতীয়) –
একমাত্র সাম্প্রতিক ছবি (ন্যূনতম ১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস - চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য (যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন
তা বিশদে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.live/patro (পাত্র চাই বিজ্ঞাপন দেখুন) / **khonj.live/patri** (পাত্রী চাই বিজ্ঞাপন দেখুন)।

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। M : 977 5454 577

বিস্তারিত জানুন ক্রিপ্টোকারেন্সি কী ? প্রকারভেদ, সুবিধা, অসুবিধা

আজকে এই প্রতিবেদনের মাধ্যমে বিটকয়েন সম্পর্কে দশটি গুরুত্বপূর্ণ পয়েন্ট আলোচনা করব। যে ১০ টি পয়েন্ট আপনাকে বিটকয়েন সম্পর্কে সম্পূর্ণ জানতে সম্পূর্ণভাবে সহায়তা করবে। তাই আপনি যদি আপনি বিটকয়েন সম্পর্কে সম্পূর্ণ জানতে চান তাহলে আর্টিকেলটি মনযোগ সহকারে পড়ুন।

বিটকয়েন এর আবিষ্কর্তা

Bitcoin এর আবিষ্কর্তা হল Satoshi Nakamoto। কিন্তু ঘটনাটি হলে যে, একটি রিসার্চ পেপার পাবলিশ করা হয়েছিল সেই রিসার্চ পেপার Satoshi Nakamoto নামে একজন ব্যক্তি দাবি করেন যে তিনি বিটকয়েন-এর আবিষ্কর্তা। কিন্তু এটাকে আসলে মনে করা হয় যে, এটি একটি ভুয়া নাম বা ভুল নাম, এবং এই নামটি হলো একটি কাল্পনিক নাম। আসল ব্যক্তির নাম প্রকাশিত হয়নি। যিনি আবিষ্কার করেছেন আসলে কে স্বভাবগতই তাকে আমরা চিনি না।

বিটকয়েন আবিষ্কারের উদ্দেশ্য

বিটকয়েন যিনি আবিষ্কার করেছেন তার কথা অনুযায়ী উদ্দেশ্যটি ছিল এই যে সম্পূর্ণ গোপনীয়তা থাকবে কার কাছে কতটা বিটকয়েন রয়েছে এবং বিটকয়েন কোথা থেকে ট্রানজেকশন হচ্ছে, এবং সেখানে সরকারের কোনো প্রকার হাত থাকবে না। তার কথা অনুযায়ী যেহেতু এটা প্রাইভেট ডিজিটাল কারেন্সি সেহেতু এর তথ্য বেশি জনগণকে জানানো হয়নি। অর্থাৎ এই উদ্দেশ্য থেকে বিটকয়েনের যে সত্যিকারের আবিষ্কারক তাকে চেনা যায়নি। তাই Satoshi Nakamoto এই নাম নাম নিয়ে বিটকয়েন এর আবিষ্কারক হিসেবে অফিসিয়াল ভাবে দাবি করেছেন।

বিটকয়েনকে কি ভাগ করা যায় ?

টাকার যেরকম অনেক ভাগ রয়েছে যেমন ১০০ পয়সায় ১ টাকা। আবার আপনারা শুনের থাকবেন যে টাকাকড়ি-এই কথাটি, আপনারা শুনে থাকবেন যে, এই মানুষটির বেশি টাকাকড়ি রয়েছে। এই যে টাকা কড়ি অর্থাৎ কত কড়িতে কত টাকা হয়। অর্থাৎ এগুলির মধ্যে বোঝা যায় যে টাকার অনেক ভাগ রয়েছে। সেইরকমই বিটকয়েনেরও ভাগ রয়েছে। বিটকয়েনের সব থেকে ছোটো ভাগ রয়েছে তাকে বলা হয়। ১০০ মিলিয়ন সাতাশি নিয়ে একটা বিটকয়েন। ১০০ মিলিয়ন মানে ১০ কটি। বিটকয়েনের আরেকটি ছোট্ট ভাগ হল মিলিবিটকয়েন কয়েন। ১০০০ মিলিবিটকয়েন এর অর্থ হল ১টি বিটকয়েন। সুতরাং বিটকয়েনের ১০০০ ভাগের এক ভাগ হলো মিলিবিটকয়েন। অর্থাৎ টাকা

(এরপর ৪-এর পাতায়)

জরুরী সূচনা

(প্রথম পাতার পর)

কর্তৃপক্ষ কর্তৃক জারি করা জাতিগত শংসাপত্র (এসসিঃএসটিঃওবিসি)।

(৮) এনআরসি ডকুমেন্ট (যেখানে প্রযোজ্য)।

(৯) স্থানীয় সংস্থা কর্তৃক জারি করা পারিবারিক নিবন্ধন।

(১০) সরকারি অফিস থেকে জমি বা বাড়ি বরাদ্দের সার্টিফিকেট।

(১১) ১৯৮৭ সালের পূর্ববর্তী সরকারি বা রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের পরিচয়পত্র এই অনুশীলনের জন্য আধার, প্যান এবং ড্রাইভিং লাইসেন্স স্বতন্ত্র প্রমাণ হিসেবে প্রযোজ্য নয়। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যে বা বা 'বিশেষ নিবিড় সংশোধন' চালু হতে চলেছে আগামী আগষ্ট-সেপ্টেম্বর মাস থেকে সেক্ষেত্রে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে -২০০২ সালে পুরোনো এ নাম উঠেছিল তাদের কোনো কাগজই দেখাতে হবে না। দেখাতে তার পরবর্তীতে যাদের নাম উঠেছিল অর্থাৎ ২০০৩-২০২৫ এর মধ্যে। আর এই কাগজগুলোর মধ্যে থাকছে ১১ টি ডকুমেন্ট আঁধার, প্যান এবং রেশন কার্ড ছাড়া। আর হ্যাঁ ওই ১১ টি ডকুমেন্টের যেকোনো একটি দেখালেই চলবে.... চারিদিকে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে... জন্ম শংসাপত্র আর বাকি ১০ টি ভ্যালিড ডকুমেন্টের মতোই একটি শুধুমাত্র ... কেউ ওটা থাকলে দিতে পারেন, না থাকলে আর বাকি ১০ টির যেকোনো একটি দিলেও হবে। ২০০২ সালে ইতিমধ্যেই তালিকাভুক্ত ভোটার এবং তাদের সন্তানদের জন্য কোনও অতিরিক্ত কাগজপত্রের প্রয়োজন নেই। যাদের ১১ টি প্রমাণ নেই, তাদের ক্ষেত্রে নির্বাচনী নিবন্ধন কর্মকর্তা মাঠ পর্যায়ে তদন্ত করতে পারেন। ✤ এই প্রক্রিয়ায় তিন ধরনের আবেদনকারী থাকবেন।

(১) জুলাই, ১৯৯৭ এর আগে জন্মগ্রহণ করা ভোটার। এদের নিজের ডকুমেন্ট দিলেই হবে ওই ১১ টার মধ্যে।

(২) (১৯৮৭-২০০২) এর মধ্যে জন্ম নেওয়া ভোটার। এদের দিতে হবে বাবা অথবা মায়ের ডকুমেন্ট ওই ১২টির মধ্যে (তবে ২০০২ সালে আমাদের রাজ্যে শেষ হওয়া শেষে যদি তাদের নাম থেকে থাকে সেই লিস্ট এর পাতাটি দিলেই আর কোনো ডকুমেন্ট দরকার নেই)।

(৩) ২০০২-এর পর জন্ম নেওয়া ভোটার। এদের ক্ষেত্রে লাগবে বাবা ও মায়ের উভয়েরই ডকুমেন্ট। এই ক্ষেত্রেও ২০০২-এর শেষ তালিকায় তাদের নাম থাকলে সেই তালিকার পাতা টি জমা দিলেই হবে। যদি কেউ বাইরের রাজ্যেও থাকেন কোনো চিন্তা নেই, আপনি অনলাইনেও ফরম ফিলাপ করতে পারবেন। ✤ উল্লেখ্য যে, অনুপ্রবেশকারী আর শরনার্থি কিন্তু গুলিয়ে ফেলবেন না। অপপ্রচারে কান দিবেন না। ভয় পাবেন না। ✤ এসআইআরের প্রচেষ্টা হল "কোনও যোগ্য নাগরিক বাদ না পড়েন এবং কোনও অযোগ্য ব্যক্তি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হন তা নিশ্চিত করা।" এর আগেও অনেকবার ঃ- ইসিআই অনুসারে, ১৯৫২-৫৬, ১৯৫৭, ১৯৬১, ১৯৬৫, ১৯৬৬, ১৯৮৩-৮৪, ১৯৮৭-৮৯, ১৯৯২, ১৯৯৩, ১৯৯৫, ২০০২, এবং ২০০৪ সালে নতুন ভোটার তালিকা তৈরির উদ্দেশ্যে দেশের সমস্ত বা কিছু অঞ্চলে অনুরূপ এসআইআর পরিচালিত হয়েছিল। ✤ পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় শেষবারের মতো এসআইআর করা হয়েছিল ২০০২ সালের জানুয়ারিতে, বামফ্রন্ট শাসনকালে, এবং তাই ২৩ বছর পর এই নতুন এসআইআর পরিচালিত হবে। তবে ফর্ম কিন্তু প্রত্যেককেই ফিলাপ করতে হবে, নয়তো ভোটার তালিকা থেকে আপনার নাম বাদ হয়ে যাবে।

ছবিটি দেখে

(প্রথম পাতার পর)

খুবই ভয়ানক দেখতে এদের। একটা মাইক্রোস্কোপ দিয়ে আপনার বালিশটার দিকে তাকালে আপনি তার ওপর আর কিছুতেই ঘুমোতে পারতেন না। ডাস্ট মাইট বেশির ভাগ লোকের কোনো ক্ষতি করে না, কিন্তু যাদের ডাস্ট অ্যালার্জি আছে বলে আমরা বলি, তাদের আসলে অ্যালার্জিটা এদেরই জন্য হয়। না, এরা স্বয়ং আমাদের ক্ষতি করে না, করে এদের মল এবং পচাগলা দেহাংশ। আবার মলত্যাগ এরা খুব বেশিই করে, দিনে প্রায় কুড়ি বার। কারে কারো শরীরে এই বস্তুগুলি খুবই মারাত্মক অ্যালার্জিক রিয়্যাকশন ঘটায়। ফুলের রেণুর পর ডাস্ট মাটের ড্রপিংই হচ্ছে সবচেয়ে কমন অ্যালার্জেন। হাঁচি, সর্দি, কাশি, সাইনাস কনজেশান, চোখ লাল হওয়া, চামড়ায় লাল দাগ, চুলকুনি, একজিমা — এমনকি শ্বাসকষ্ট পর্যন্ত হতে পারে এদের জন্য। গরম, আর্দ্র, অন্ধকার পরিবেশ এদের স্বর্গরাজ্য। ৫০ এর চেয়ে কম আর্দ্রতায় এরা বাঁচে না। কিন্তু বর্ষাকালে যখন ঘরের মধ্যে দড়ি টাঙিয়ে ভিজে কাপড় মেলে রাখেন, তখন এদের আর পায় কেউ মহানন্দে বংশবিস্তার করে যায় ঘরের জমে থাকা ধুলো মধ্যে।

আপনারই ঝরে যাওয়া চামড়ায় কুচি খেয়ে। আপনি পঞ্চাশটা হাঁচি দিয়ে ভাবেন, এই রে বাইরে বৃষ্টি ভিজেই ঠান্ডা লেগে গেল। অথচ আপনার শত্রু ঘরের মধ্যে দাপিয়ে বেড়াচ্ছে। করোনা ভ্যাক্সিনের সম্ভাব্য সাইড এফেক্ট হিসেবে আমাদের অনেকেরই অ্যালার্জিক রি-অ্যাকশন, মাস্ট সেলের ক্ষরণ অনেক গুণ বেড়ে গেছে। আগে যে অ্যালার্জিতে একটা হাঁচি হয়ে বন্ধ হয়ে যেত, এখন সেই অ্যালার্জিতে শ্বাসকষ্ট হয়ে ইনহেলার অবধি নিতে হচ্ছে। অ্যান্টিঅ্যালার্জিক খেয়ে খেয়ে ঝিম খেয়ে যাচ্ছেন। তাহলে উপায়? শত্রুকে আইডেন্টিফাই করতে পারলে উপায়ও বেরুবে। কিন্তু এ যে ঘরের শত্রু। ঘর ছেড়ে যাবেন কোথায়? তাহলে ঘরটাকেই নিজের বাসযোগ্য করে তুলতে হবে। শত্রুর যাতে বাড়বাড়ন্ত না হয়। কীভাবে?

(১) ধুলোর হাত থেকে বাঁচতে ঘরের সব কটা জানলা দরজা বন্ধ দেবেন ভাবছেন? একদম ভুল। দ্বার বন্ধ করে দিয়ে ধুলোটারে রুখি, আলো বলে আমি তবে কোথা দিয়ে ঢুকি? এরা আলো সইতে পারে না। তাই সব কটা জানলে খুলেন দাও না।

